

২৫ মে, ২০০৫  
জৈষ্ঠ ৪, ১৯২৭ (শক)

জেনারেল ম্যানেজার  
সরকার অ্যাকাউন্ট বিভাগ  
স্টেট ব্যাংক অফ ইণ্ডিয়া এবং সহযোগি ব্যাংক  
এলাহাবাদ ব্যাংক/ ব্যাংক অফ বরোদা/ ব্যাংক অফ ইণ্ডিয়া/  
ব্যাংক অফ মহারাষ্ট্র/কানাড়া ব্যাংক/ সেন্ট্রাল ব্যাংক অফ ইণ্ডিয়া /  
করপোরেশন ব্যাংক/দেনা ব্যাংক/ ইণ্ডিয়ান ব্যাংক/  
ইণ্ডিয়ান ওভারসীজ ব্যাংক/পাঞ্জাব ন্যাশনাল ব্যাংক/ সিন্ডিকেট ব্যাংক/  
ইউকো ব্যাংক/ইউনিয়ান ব্যাংক অফ ইণ্ডিয়া / ইউনাইটেড ব্যাংক অফ ইণ্ডিয়া /

মহাশয়,

**পাবলিক প্রভিডেন্ট ফান্ড স্কিম, ১৯৬৮ - ব্যাখ্যা**

অনুগ্রহ করে আমাদের ১৪মে ২০০৫ তারিখের বিজ্ঞপ্তি নং CO.DT.15.02.001/H-9593-9615/2004-05 এ দেখুন যার মাধ্যমে ভারত সরকারের অর্থমন্ত্রালয় দ্বারা প্রদত্ত ,মে ১৩,২০০৫ তারিখের বিজ্ঞপ্তি পাঠানো হয়েছে যাতে পিপিএফ স্কিম, ১৯৬৮ এর কিছু ধারা পরিবর্তন করা হয়েছে এবং যা কার্যকরী হবে মে ১৩,২০০৫ থেকে।

২। ভারত সরকারের অর্থমন্ত্রালয় এই সম্পর্কে মে ২০, ২০০৫ তারিখের F.No.2/8/2005-NS-II নং চিঠির মাধ্যমে নিম্নলিখিত ব্যাখ্যাগুলি প্রদান করেছে:

ক) বিভিন্ন ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পের বিনিয়োগ শুধুমাত্র ব্যক্তির ক্ষেত্রে নিয়ন্ত্রিত রাখতে যেসব পরিবর্তন আনা হয়েছে তার ফলস্বরূপ কোন অ্যাকাউন্ট যদি জুরিষ্টিক ব্যক্তি (এইচ-ইউ-এফ, ট্রাস্ট, প্রভিডেন্ট ফান্ড, ইত্যাদি)মানে ইন্ডিভিজুয়াল ছাড়া অন্যসব ব্যক্তির (একা বা যুগ্ম অ্যাকাউন্টের মাধ্যমে বা অপ্রাপ্তবয়স্কদের পক্ষে অভিভাবক দ্বারা জমা এবং মানসিক রোগী)দ্বারা খোলা হয়ে থাকে তাহলে ১৩মে২০০৫এরপরে পাবলিক প্রভিডেন্ট ফান্ড স্কিমসহযেকোন ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পের অন্তর্গত ওই অ্যাকাউন্টগুলি প্রথম থেকেই বাতিল বলে গণ্য হবে এবং এই ক্ষেত্রে অবিলম্বে ব্যবস্থা নিতে হবে অ্যাকাউন্টগুলি বন্ধ করার এবং সুদ ছাড়াই আমানতকারীদের জমা টাকা ফিরিয়ে দেওয়ার ।

খ) তা সত্ত্বেও এটার উপর দৃষ্টি দেওয়া উচিত যে উপরোক্ত পরিবর্তনগুলি ১৩মে,২০০৫ তারিখের পরিবর্তনের পূর্বের নিয়ম অনুযায়ী খোলা অ্যাকাউন্টের উপর প্রযোজ্য হবে না।এসব অ্যাকাউন্ট মেয়াদপূর্ণ হওয়া অন্ধি কার্যকরী থাকবে এবং এসব অ্যাকাউন্টে জমা করার এবং এর থেকে টাকা তোলা উপরোক্ত নিয়ম অনুযায়ী অনুমতি দেওয়া যাবে। যদিও এসব চলতি অ্যাকাউন্টগুলির মেয়াদ যদি বাড়ানো হয় তাহলে ১৩মে,২০০৫তারিখের পরিবর্তনগুলি প্রযোজ্য হবে।

৩। উপরোক্ত বিষয়গুলির পরিপ্রেক্ষিতে আপনারা অনুগ্রহ করে নির্দিষ্ট শাখা/দপ্তরগুলিকে যারা পিপিএফ স্কিম পরিচালনা করছে তাদের উপযুক্ত নির্দেশ দিন এবং নিশ্চিত করুন যাতে এই নিয়ম সঠিকভাবে মেনে চলা হয়।

৪।অনুগ্রহ করে প্রাপ্তি স্বীকার করুন।

ইতি ভবদীয়

(ডি.রাজাগোপালারাও)  
ডেপুটি ডেনারেল ম্যানেজার